



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
শ্রম অধিদপ্তর  
তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল



শ্রম অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থ বছরে অনুষ্ঠিত ২য় উদ্ভাবনী সভার কার্যবিবরণী

সভাপতি	এ.কে.এম.মিজানুর রহমান মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
সভার তারিখ	০৭/১০/২০২০
সভার সময়	বেলা ১২:০০ টা
স্থান	মহাপরিচালক মহোদয়ের সম্মেলন কক্ষ (লিফটের-১৯)
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' অনুযায়ী

সভাপতি মহোদয় ইনোভেশন টিম এর সদস্যদের স্বাগত জানিয়ে সভার আলোচনা শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব সভার আলোচ্যসূচী অনুযায়ী বিষয়ভিত্তিক উপস্থাপন করেন। সভায় ২০২০-২০২১ অর্থবছরের উদ্ভবন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। এসময় সভাপতি মহোদয় কর্মকর্তাগণকে উদ্ভবন চর্চায় গুরুত্ব দেওয়ার আহবান জানান। এছাড়াও, দপ্তরের তথ্য বাতায়ন নিয়মিতভাবে হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। সভায় আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	শ্রম অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থ বছরের উদ্ভবন সম্পর্কিত ১ম কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা	বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী শ্রম অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থ বছরের উদ্ভবন সম্পর্কিত ১ম কোয়ার্টারের ইনোভেশন কার্যক্রম পরিচালনা করা ও সেমতে তথ্যবাতায়নের ইনোভেশন কর্নার হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম

০২	ইনোভেশন আইডিয়া (উদ্ভাবনী, সেবা সহজীকরণ ও ডিজিটাল সেবা) বাছাইকরণ	<p>সভায় সর্বসম্মতিক্রমে শ্রম অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থবছরের জন্য বাস্তবায়নযোগ্য নিম্নের ৩টি আইডিয়া বাছাই করা হয়ঃ-</p> <p>১) <b>উদ্ভাবনী আইডিয়াঃ</b> অনলাইন পদ্ধতিতে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন এর আবেদন গ্রহণ ফাউন্ডেশনে প্রেরণ এবং বরাদ্দকৃত চেক বিতরণ। আইডিয়া প্রদানকারীঃ জনাব অসীম কুমার বিশ্বাস, সহকারী পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, খুলনা।</p> <p>২) <b>সেবা সহজীকরণ আইডিয়াঃ</b> “ট্রেড ইউনিয়নের গঠনতন্ত্র সংশোধন প্রক্রিয়া সহজীকরণ” আইডিয়া প্রদানকারীঃ ক) জনাব সালাউদ্দিন মাহমুদ, উপপরিচালক, প্রধান কার্যালয়, শ্রম অধিদপ্তর খ) জনাব মোঃ মাহবুব আলম, সহকারী পরিচালক, প্রধান কার্যালয়, শ্রম অধিদপ্তর গ) জনাব মোঃ নাজিম আহমেদ, সহকারী পরিচালক (চ.দা), প্রধান কার্যালয়, শ্রম অধিদপ্তর</p> <p>৩) <b>ডিজিটাল সেবা আইডিয়াঃ</b> গ্রন্থগার সেবার আধুনিকায়ন। আইডিয়া প্রদানকারীঃ জনাব চন্দনা রানী, লাইব্রেরিয়ান, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, রাজশাহী</p>	ইনোভেশন টিম
০৩	সেবা সহজীকরণের পাইলটিং এর অফিস আদেশ জারীকরণ	উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী ১৫/১০/২০২০ তারিখের মধ্যে সেবা সহজীকরণের পাইলটিং এর অফিস আদেশ জারীকরণ করা আবশ্যিক। তদানুযায়ী ২০২০-২১ অর্থবছরে শ্রম অধিদপ্তরের জন্য বাছাইকৃত “ট্রেড ইউনিয়নের গঠনতন্ত্র সংশোধন প্রক্রিয়া সহজীকরণ” বিষয়ে আইন, বিধি বা আদালতের কোন নির্দেশনার ব্যত্যয় হচ্ছে কিনা বা কোন জটিলতার আশঙ্কা আছে কিনা তা জানতে বিভাগীয় শ্রম দপ্তর ও আঞ্চলিক শ্রম দপ্তরের পরিচালক ও উপপরিচালকগণের কাছ থেকে মতামত নেয়ার পর তা নির্ধারিত ১৫/১০/২০২০ তারিখের মধ্যে জারি করার সিদ্ধান্ত হয়।	ইনোভেশন টিম
০৪	উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ আয়োজন	শ্রম অধিদপ্তরের ২০২০-২১ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী দেশের অভ্যন্তরে ৩০ জন প্রশিক্ষণার্থী নিয়ে প্রশিক্ষণ কর্মশালা আয়োজন দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম
০৫	বিবিধ	দপ্তরের তথ্য বাতায়ন নিয়মিতভাবে হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



এ.কে.এম.মিজানুর রহমান  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৪৩.৬৬.০০৭.১৯.৫৪

তারিখ: ৩ কার্তিক ১৪২৭  
১৯ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর
- ২) পরিচালক, পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর
- ৩) পরিচালক, পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর
- ৪) উপ পরিচালক, উপ-পরিচালক (শ্রম কল্যাণ ও বিনোদন), শ্রম অধিদপ্তর
- ৫) অফিস কপি।



মোঃ নাজিম আহমেদ  
সহকারী পরিচালক